মাদার তেরেসা পিস অ্যাওয়ার্ড পেলেন শুকুর আলী

মাদার তেরেসা পিস অ্যাওয়ার্ড ২০২৬ পেয়েছেন বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সহ-সভাপতি মো. শুকুর আলী।

শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য তিনি এ পুরস্কারে ভূষিত হন। বর্তমানে তিনি মেহেরপুর সদর উপজেলার গোভীপুর দাখিল মাদ্রাসার সিনিয়র শিক্ষক হিসেবে কর্মরত রয়েছেন।

শিক্ষকতার পাশাপাশি তিনি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত। তিনি বহুমাত্রিক মেহেরপুর জেলা শাখার আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়া প্রথম আলো বন্ধুসভা, মেহেরপুর জেলা শাখার সদস্য, মুজিবনগর সামাজিক সংস্থার কোষাধ্যক্ষ এবং চকশ্যামনগর ব্লাড ব্যাংক, মেহেরপুরের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন।

শিক্ষক সংগঠনের কর্মকাণ্ডেও তাঁর উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তিনি বাংলাদেশ মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতি, মেহেরপুর জেলা শাখার প্রধান সমন্বয়ক।

পাশাপাশি মেহেরপুর সদর উপজেলা শিক্ষক-কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের পরিচালক হিসেবে তৃতীয়বারের মতো দায়িত্ব পালন করছেন। বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদ, মেহেরপুর জেলা শাখার প্রচার সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করছেন।

এর আগে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে উপজেলা ও জেলা পর্যায়ে তিনি শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক (মাদ্রাসা) নির্বাচিত হন।

মাদার তেরেসা পিস অ্যাওয়ার্ডের জন্য তাঁকে মনোনীত করায় তিনি মাদার তেরেসা রিসার্চ কাউন্সিলের মহাসচিব, কার্যনির্বাহী পরিষদ, উপদেষ্টা মণ্ডলী এবং চকশ্যামনগর গ্রামবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

গাংনীতে বসুন্ধরা শুভসংঘের বার্ষিক মতবিনিময় ও আলোচনা সভা

বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখার আয়োজনে “কেমন চাই আগামীর বাংলাদেশ?” শীর্ষক আলোচনা ও বার্ষিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

একাত্তরের চেতনা ও চব্বিশের জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের স্পিরিট ধারণ করে আগামীর বাংলাদেশকে একটি উন্নত সোনার বাংলা হিসেবে গড়ে তোলার আহ্বান জানানো হয় সভায়।

অনুষ্ঠানে বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখার উপদেষ্টা সৈয়দ জাকির হোসেন মাস্টার বলেন, একাত্তরের চেতনা ও চব্বিশের গণ-অভ্যুত্থানের স্পিরিটকে ধারণ করে আগামীর বাংলাদেশকে একটি উন্নত সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানের প্রধান বক্তা মেহেরপুর জেলা বসুন্ধরা শুভসংঘের সভাপতি মো. রফিকুল ইসলাম বকুল বলেন, ডান-বাম কিংবা বিদেশিদের প্রেসক্রিপশনে নয়, বাংলাদেশকে এখন হাঁটতে হবে নিজের নাক বরাবর বাংলাদেশপন্থী হয়ে।

ইঞ্জিনিয়ার ও বসুন্ধরা শুভসংঘের উপদেষ্টা রাশেদ বোরহান বলেন, ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ ও রাষ্ট্র গঠনে তরুণদের সঙ্গে নিয়ে ইসলামের আদর্শে বিশ্বাসী হয়ে কাজ করতে হবে।

মেহেরপুর জেলা বসুন্ধরা শুভসংঘের সাধারণ সম্পাদক নাফিউল ইসলাম তরুণ সমাজ ও রাজনৈতিক কর্মীদের উদ্দেশ্যে বলেন, তরুণদের এই বাংলাদেশ অপার সম্ভাবনার বাংলাদেশ। সমাজের সব শুভ কাজে তরুণদের একটি প্ল্যাটফর্মে এসে রাষ্ট্র কাঠামো মেরামতে কাজ করতে হবে। সেই কাজই করে যাচ্ছে বসুন্ধরা শুভসংঘ।

শীতের বিকেলে গাংনী উপজেলার আব্দুল মজিদ মাস্টার স্টাডি সেন্টারে অনুষ্ঠিত এ আলোচনা ও বার্ষিক সভায় প্রাণবন্ত আলোচনা হয়।

একঝাঁক তরুণদের অংশগ্রহণে আয়োজিত সভায় আরও উপস্থিত ছিলেন বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখার সহ-সভাপতি মাহফুজ রহমান,

যুগ্ম সাধারণ সম্পাদক ও সাংবাদিক এস. এম. তারেক, সাংস্কৃতিক সম্পাদক ও সাংবাদিক জুলফিকার আবির, ত্রাণ ও দুর্যোগ সম্পাদক ফাহাদ হোসেন শিহাব, কার্যকরী সদস্য ইয়াছিন হাবিব, জায়েদ কবির এবং ওয়াহিদুজ্জামান স্বপ্নীল।

নতুন বছরে বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখা কীভাবে ভিন্নধর্মী সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করতে পারে এবং বসুন্ধরা শুভসংঘ ডিজিটাল পাবলিক লাইব্রেরি প্রতিষ্ঠা করা যায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন রাজু আহমেদ বনি।

প্রাথমিক বিদ্যালয়ের শেষ দিনে শিক্ষার্থীদের মাঝে হাসি ফুটালো শুভসংঘ

প্রাথমিক বিদ্যালয জীবনের শেষ দিনে অশ্রু সিক্ত বিদায় বেলায শিক্ষার্থীদের মুখে হাসি ফোটালো মেহেরপুর শুভসংঘ।

আজ রবিবার সকালে মেহেরপুর সদরের বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ১৮ শিক্ষার্থীদের মাঝে পরীক্ষা সহায়ক উপকরণ সামগ্রী তুলে দেন সংগঠনটির সদস্যরা।

বসুন্ধরা শুভসংঘের শিক্ষা উপকরণ পেয়ে শিশু শিক্ষার্থীদের মাঝে উচ্ছ্বাস দেখা গেছে। শিশুদের হাতে শিক্ষা উপকরণ হিসেবে খাতা, কলম, হার্ডবোর্ড, স্কেল,ফাইল ও জ্যামিতি বক্স তুলে দেওয়া হয়েছে।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দৈনিক কালের কণ্ঠ জেলা প্রতিনিধি ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা ইয়াদুল মোমিন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফৌজিয়া আফরোজ তুলি, সহকারী শিক্ষক স্বামীমা ইয়াসমিন সাথী।

কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন বলেন, আজকে তোমাদের প্রাথমিক শিক্ষা জীবনের শেষ দিন। শেষ দিন অর্থাৎ এই স্কুল থেকে

বিদায়। এরপরে তোমরা যাবা নতুন কোন স্কুলে, নতুন কোনো পরিবেশে। এই বিদায় উন্নতির জন্য বিদায়, ভালোর জন্য বিদায়। এই বিদায সামনের দিকে এগিয়ে যাওয়ার জন্য কোনো একটি জায়গা ছেড়ে দেওয়া। তোমাদের এই বিদায় ক্ষণে আমরা বসুন্ধরা শুভ সংঘের মাধ্যমে তোমাদের মুখে একটু হাসি ফুটাতে চাই, যে হাসিটা তোমাদের এই বিদায়কে একটু স্বস্তি দেবে, একটু আনন্দ দেবে।

তিনি আরো বলেন, বসুন্ধরা শুভ সংঘ এমন উদ্যোগ সারা দেশে নিচ্ছে। যারা খুবই অসহায় গরিব, তাদের স্বাবলম্বী করার জন্য বিভিন্ন উদ্যোগ হাতে নিয়েছি। মেহেরপুরে কয়েকবার শত শত কম্বল বিতরণ করেছি। যারা একেবারে অসহায়, তাদের স্বাবলম্বী করার জন্য দোকান করে দিয়েছি। একটা মেয়েকে তার পড়ালেখা করানোর জন্য শিক্ষাবৃত্তি প্রদান করেছি। এভাবে আমরা অনেক কাজ করি, কিন্তু নীরবে নিভৃতে।

সভাপতির বক্তব্য এস এম রফিকুল আলম বকুল বলেন, তোমাদের উপহারে একটা কথা লেখা আছে শুভ কাজে সবার পাশে। আমরা আসলে কি করতে চাই সেটা লেখা আছে। আমরা ভালো কাজের সবার সাথে থাকতে চাই, সবার সাথে হাত মিলিয়ে কাজ করতে চাই উদ্দেশ্য আমাদের এটাই। উপহার যদি একটি চকলেটও হয়, আমার কাছে মনে হয় ওটাও একটি উপহার। আমাদের এটা খুবই সামান্য একটি উপহার, কিন্তু আমার কাছে মনে হয় আমাদের সমাজের প্রত্যেককে যদি এই কাজটা করতে থাকি, তাহলে এই কাজটা আর সামান্য থাকবে না, অসামান্য হয়ে যাবে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফৌজিয়া আফরোজ তুলি বলেন, বসুন্ধরা শুভ সংঘ তোমাদের হাতে একটি উপহার তুলে দিয়েছে। কালকে তোমাদের পরীক্ষা, পরীক্ষায় একটু সাহায্য হবে। শুভ সংঘ যেহেতু শুভ কাজে আছে, বাংলাদেশে মাদক, বাল্যবিবাহ এবং হানাহানি আমরা যেন অসহিষ্ণু জাতি হিসেবে সারা পৃথিবীতে পরিচিত হতে যাচ্ছি। এগুলো নিয়ে কাজ করলে আমার মনে হয় আরো ভালো হবে।
আর আমার শিশুদের কাছেও আমার অনুরোধ থাকবে তোমরা যেন মারামারি, হানাহানি বা অসহিষ্ণুতা পরিহার করে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই সহযোগিতামূলক আচরণ করো।

বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় এসময় সাংগঠনিক সম্পাদক মোঃ অনিক হাসান, স্বাস্থ্য ও মানবসম্পদ সম্পাদকঃ আব্দুল্লাহ আল নোমান, কার্যকরী সদস্যঃ লামইয়া, আলিফ খান, লিখন আলী, মোঃ মনিব, আলিফ হাসান, নাসিম রানা, জুনাইদ ইকবাল, সাকিব হাসান রুদ্র, ইয়াছির ইউসুফ ইমন প্রমুখ

মেহেরপুরে সড়ক দুর্ঘটনারোধে সচেতনতামূলক কর্মসূচি বসুন্ধরা শুভসংঘের

দুর্ঘটনা শুধু একজন ব্যক্তির জীবনকেই থামিয়ে দেয় না, থেমে যায় একটি পরিবারের হাসি, স্বপ্ন আর ভবিষ্যতের রঙিন পরিকল্পনা। এই করুণ বাস্তবতা বদলাতে হলে চাই সম্মিলিত সচেতনতা আর সেই বার্তাই পৌঁছে দিতে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করেছে বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর শাখার সদস্যরা।
আজ শুক্রবার (৯ মে) সকাল সাড়ে ১০টার দিকে শহরের কলেজ মোড়ে একটু সচেতনতাই পারে আপনার সাজানো জীবনকে বাঁচাতে ও নিরাপদ রাখতে এই বার্তা নিয়ে সচেতনতামূলক প্রচারণা চালাই শুভসংঘ।
কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে ও বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন।
অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা কেউই চাই না সড়কে কারও মৃত্যু হোক, কোনও প্রাণ অকালে ঝরে যাক। আমি মনে করি, যদি আমাদের গন্তব্যে পৌঁছাতে পাঁচ মিনিট দেরিও হয়, তবুও ট্রাফিক আইন মেনে ধীরে ও সচেতনভাবে চলাই আমাদের জন্য কল্যাণকর। এটি আমাদের নিজের, আমাদের পরিবারের এবং সমগ্র সমাজের জন্যই মঙ্গলজনক।
এ ধরনের সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য আমি বসুন্ধরা শুভসংঘকে আন্তরিক ধন্যবাদ জানাই। আশা করি, তারা ভবিষ্যতেও এ ধরনের মানবিক ও সমাজগঠনের কাজ নিয়মিতভাবে চালিয়ে যাবে।
অনুষ্ঠানে এছাড়াও সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া

পবিত্র রমজান উপলক্ষে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
রবিবার (২৩ মার্চ) সন্ধ্যায় মেহেরপুর সরকারী কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।
ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন শিক্ষক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ নানা শ্রেণী পেশার মানুষ।
কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এসময় বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা সাবেক শিক্ষক নুরুল আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান প্রমুখ উপস্থিত ছিলেন।
ইফতারের পূর্বে ফিলিস্তিনের জনগণসহ সমস্ত মুসলিম উম্মাহ, দেশবাসী ও বসুন্ধরা গ্রুপের জন্য দোয়া ও শান্তি কামনা করা হয় ।

ঝিনাইদহে বসুন্ধরা শুভসংঘের কর্মশালা অনুষ্ঠিত

দেশের সবচেয়ে বেশি আত্মহত্যা প্রবণ জেলা ঝিনাইদহ। প্রতিদিনিই খবরের কাগজ, টেলিভিশন দেখা যায় এ জেলার আত্মহত্যার খবর। তুচ্ছ ঘটনা নিয়ে কিশোর থেকে শুরু করে বৃদ্ধ বয়সীরা নিজেদের নিমিষেই

শেষ করে দেন। এ থেকে পরিত্রাণ ঘটেনি জেলাবাসীর। পরিসংখ্যান বলছে, গত দেড় দশকে এ জেলায় আত্মহত্যা করেছে ৫ হাজারের অধিক ব্যক্তি। এ সময়ে আত্মহত্যার চেষ্টা করেছেন অন্তত অর্ধ লাখ মানুষ। এবার ঝিনাইদহের আত্মহত্যা প্রতিরোধে কাজ শুরু করেছে বসুন্ধারা শুভসংঘ। তারই অংশ হিসেবে আজ বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহের ওয়াজির আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের মাঝে সচেতনতামূলক প্রচারণা চালানো হয়।

বসুন্ধরা শুভসংঘের জেলা কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক কেয়া রানী প্রামানিকের সঞ্চলানায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার সহকারী কমশিনার (ভূমি) সজল কুমার দাস।

এ সময় আরো উপস্থিত ছিলেন, কাঞ্চননগর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাস, ফজর আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ জয়া রানী চন্দ, কালের কণ্ঠ’র জেলা প্রতিনিধি অরিত্র কুণ্ডু, বাংলাদেশ প্রতিদিন ও নিউজ টোয়েন্টিফোর টেলিভিশনের জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিন, সমাজকর্মী গাউস গোর্কি, জাহান লিমন, বসুন্ধরা শুভসংঘ জেলা কমটির সহ-সভাপতি মাহমুদুল হাসান, রেক্সোনা খাতুন, যুগ্ম-সাধারণ সম্পাদক শান্তা ইসলাম, রাফিকা ইসলাম শেফা, সাংগঠনিক সম্পাদক রিয়াদ হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক সাফায়েত হুসাইন, দপ্তর সম্পাদক সাগর ভৌমিক, কার্যকরী সদস্য মো. হাবিবুর রহমান সৌরভ, রিয়াজ হোসেন, রাসেল হোসেন, মোস্তাকিম হোসেন জীম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে সহকারী কমিশনার সজল কুমার দাস বলেন, ‘আত্মহত্যার অন্যতম কারণ বিষন্নতা। বিষন্নতাকে দূর করতে শিক্ষার্থীদের মানসিক সাহস জোগাতে হবে। লেখাপড়ার পাশাপাশি শিল্প, সংস্কৃতি, খেলাধুলাসহ সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ করতে হবে।’

তিনি আরো বলেন, ‘সম্প্রতি দেখা গেছে বাল্য বিবাহের কারণেও অনেক শিক্ষার্থী মানসিক ভাবে ভেঙে পড়ে। পরে আত্মহত্যার পথ বেছে নেয়। এজন্য সকলকে প্রতিরোধ গড়ে তুলতে হবে। সামাজিক ভাবে আত্মহত্যা প্রতিরোধে প্রচারণা চালাতে হবে।’

বসুন্ধারা শুভসংঘের ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, গত কয়েক বছর ধরে দেশে শুভসংঘ অনেক মানবিক ও সামাজিক কাজ করে যাচ্ছে। তাদের এ